# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০৩৬

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২১. দ্বিতীয় অনুচ্ছেদ - তিলাওয়াতের সিজদা্

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُمَا قَالَ: جَاءَ رَجُلٌ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ رَأَيْتُنِي اللَّيْلَةَ وَأَنَا نَائِمٌ كَأَنِّي أُصَلِّي خَلْفَ شَجَرَةٍ فَسَجَدْتُ فَسَجَدَتِ الشَّجَرَةُ لِسُجُودِي فَسَمِعْتُهَا تَقُولُ: اللَّهُمَّ اكْتُبْ لِي بِهَا عِنْدَكَ أَجْرًا وَضَعْ عَنِّي بِهَا وِزْرًا وَاجْعَلْهَا لِي عِنْدَكَ ذُخْرًا وَتَقَبَّلْهَا مِنِّي كَمَا تَقَبَّلْتَهَا مِنْ عَبْدِكَ دَاوُدَ. قَالَ ابْنُ عَبَّاسٍ: فَقَرَأَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سَجْدَةً ثُمَّ سَجَدَ فَسَمِعْتُهُ وَهُوَ يَقُولُ مِثْلَ مَا أَخْبَرَهُ الرَّجُلُ عَنْ قَوْلِ الشَّجَرَةِ. رَوَاهُ التِّرْمِذِيُّ وَابْنُ مَاجَهْ إِلَّا أَنَّهُ لَمْ يَذْكُرْ وَتَقَبَّلْهَا مِنِّي كَمَا تَقَبَّلْتَهَا مِنْ عَبْدِكَ دَاوُدَ. وَقَالَ التِّرْمِذِيُّ: هَذَا حَدِيثٌ غَرِيبٌ

বাংলা

১০৩৬-[১৪] ’আবদুল্লাহ ইবনু ’আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, এক লোক রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকটে এসে আবেদন করল, হে আল্লাহর রসূল! আজ রাত্রে আমি আমার নিজকে স্বপ্নে দেখেছি যে, আমি একটি গাছের নিচে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করছি। আমি যখন সাজদায়ে তিলাওয়াত করলাম তখন এ গাছটিও আমার সাথে সাজদায়ে তিলাওয়াত করল। আমি শুনলাম গাছটি এ দু’আ পড়ছেঃ ’’আল্ল-হুমমাকতুব্ লী বিহা- ’ইনদাকা আজরান ওয়ায়া’ ’আন্নী বিহা- বেযরান, ওয়াজ্’আলহা- লী ’ইনদাকা যুখরান ওয়াতা ক্ববালহা- মিন্নী কামা- তাক্বব্বালতাহা- মিন ’আবদিকা দাঊদা’’ (অর্থাৎ হে আল্লাহ! এ সাজদার জন্যে তোমার কাছে আমার জন্যে সাওয়াব নির্দিষ্ট করো। এর মাধ্যমে আমারা গুনাহ মাফ করে দাও। এ সাজদাকে তোমার নিকট সঞ্চিত সম্পদ বানিয়ে দাও। এ সিজদাকে এমনভাবে কবূল করো যেভাবে তুমি তোমার বান্দা দাঊদ (আঃ) থেকে কবূল করেছ।’’

ইবনু ’আব্বাস (রাঃ) বলেন, এরপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাজদার আয়াত পাঠ করলেন, সিজদা্ (সিজদা/সেজদা) দিলেন। আমি তাকে ঐ বাক্যগুলো বলতে শুনেছি যা ঐ লোকটি গাছটিকে বলেছে বলে বর্ণনা করেছেন। (তিরমিযী; ইবনু মাজাহও এ হাদীসটি বর্ণনা করেছেন কিন্তু তার বর্ণনায় ’’ওয়াতাক্বব্বালহা- মিন্নী কামা- তাক্বব্বালতাহা- মিন ’আবদিকা, দাঊদ’’ উল্লেখ হয়নি। আর তিরমিযী বলেন, এ হাদীসটি গরীব পর্যায়ের।)[1]

## ফুটনোট

[1] হাসান : আত্ তিরমিযী ৫৭৯, সহীহ আত্ তারগীব ১৪৪১।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (اكْتُبْ لِي بِهَا عِنْدَكَ) আমার জন্য তার বিনিময়ে অর্থাৎ সাজদার বিনিময়ে আপনার নিকট প্রতিদান সাব্যস্ত করুন। (ذُخْرًا) সঞ্চিত সম্পদ এটাও বলা হয়ে থাকে যে, (ذُخْرًا) অর্থ প্রতিদান। আর এখানে তার পুনরুল্লেখ এজন্য করা হয়েছে যে, দু‘আ দীর্ঘ হওয়াই বাঞ্ছনীয়। এটাও বলা হয় যে, এ দ্বারা উদ্দেশ্য অর্জিত সাওয়াব বিনষ্ট ও বাতিল হওয়া থেকে নিরাপদ থাকার প্রার্থনা। ‘আমার নিকট থেকে তা তেমনভাবে গ্রহণ করুন যেভাবে গ্রহণ করেছেন আপনার বান্দা দাঊদ (আঃ) থেকে’ এর দ্বারা সকল ক্ষেত্রেই দাঊদ (আঃ)-এর মতো বুঝানো উদ্দেশ্য নয় বরং দু‘আ কবূল হওয়া উদ্দেশ্য। এ থেকে ইঙ্গিত পাওয়া যায় যে, উল্লেখিত নাবীগণের প্রতি বিশ্বাস স্থাপন করা প্রয়োজন।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55596

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন